গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০৬৪.১৮.১৬৮৪

২১ ভাদ্র ১৪২৫
০৫ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : '৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়' অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৪-০৬ অক্টোবর ২০১৮ একযোগে সকল জেলা ও উপজেলায় **'৪র্থ জাতীয় উন্নয়ন মেলা'** আয়োজন করা হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৬/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, সকল জেলা ও উপজেলায় অনুষ্ঠেয় **'৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়'** অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণনা।

০৫/০৯/১৮

টি এম মুছা তালুকদার
সহকারী সচিব
ফোন- ৯৫৪৬০৫৫

১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
৫। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৭। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। রেজিস্ট্রার, কপিরাইট অফিস, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, নারায়ণগঞ্জ।
১০। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১১। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৩। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৪। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৬। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
১৭। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।

অনুলিপি (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১। সমর কুমার ঘোষ, পরিচালক (নির্বাহী সেল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।

যুগ্মসচিবের পত্র নং: ৮০২
তারিখ ৯/৮/১৮

**প্রধানমন্ত্রীর কার্যালয়**
তেজগাঁও, ঢাকা।

## উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী

গত ১৬.০৭.২০১৮ তারিখে বেলা ৩.০০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ থেকে দেশব্যাপী 'জাতীয় উন্নয়ন মেলা' অনুষ্ঠানের বিষয়ে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান এবং প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্যসমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ এর উপস্থিতিতে আটটি বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকবৃন্দ, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা এবং মন্ত্রিপরিষদ বিভাগ প্রান্ত থেকে সচিববৃন্দ অংশগ্রহণ করেন।

অতিরিক্ত সচিব (প্রঃ) এর দপ্তর
ডাইরী নং ৫২
তারিখ ৭/৮/১৮
উপসচিব-৭
উপসচিব (প্রঃ)
সংস্কৃতি উপদেষ্টা

২। সভায় জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠানের রূপরেখা উপস্থাপন করা হয়।

৩। সভায় উপস্থাপিত বিষয়াদি ও প্রাপ্ত মতামতের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্যবিষয় | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| ১ | মেলার উদ্দেশ্য/লক্ষ্য অর্জন | ১.১। 'উন্নয়ন মেলা'য় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণ তথা প্রান্তিক জনগোষ্টির মাঝে তুলে ধরতে হবে।<br>১.২। স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবর্গ ও সরকারি কর্মকর্তাগণের যৌথ অংশগ্রহণে স্থানীয় সমস্যা সম্পর্কে মতবিনিময় ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>১.৩। শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি করতে হবে।<br>১.৪। সরকারের ভবিষ্যত কর্মপরিকল্পনা, এমডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।<br>১.৫। মেলা প্রাঙ্গন থেকে তাৎক্ষণিক সেবা প্রদানের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশিত 'জনগণের দোরগোড়ায় সেবা' কার্যক্রম ত্বরান্বিত করা।<br>১.৬। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে জনসাধারণকে সেবা প্রদানের জন্য বিভিন্ন উদ্ভাবনী প্রদর্শন করা। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| ২ | উন্নয়ন মেলার নামকরণ | ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা হিসেবে নামকরণ করা হবে। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| ৩ | মেলার সময় | ৩.১। মাননীয় প্রধানমন্ত্রীর কর্মতালিকা পর্যালোচনা সাপেক্ষে প্রস্তাবিত ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা একযোগে সকল জেলা ও উপজেলায় ৪-৬ অক্টোবর ২০১৮ আয়োজন করা যেতে পারে। বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে একই সময়ে আয়োজন করা যেতে পারে এবং ৩ দিনের পরিবর্তে ১ দিন ( স্ব স্ব দূতাবাসের কর্মপরিকল্পনা/ কার্যক্রমের নিরিখে) করা যেতে পারে। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| ৪ | টার্গেট গ্রুপ | ৪.১। শিক্ষার্থী, অভিভাবক, দেশি/বিদেশি পর্যটক/বিনিয়োগকারীসহ প্রান্তিক পর্যায়ের সকল স্তরের জনসাধারণকে এ মেলায় সম্পৃক্ত করতে হবে।<br>৪.২। পররাষ্ট্র মন্ত্রণালয় ঢাকাস্থ কূটনৈতিক মিশনসমূহকে সম্পৃক্ত করতে যথাযথ পদক্ষেপ নিবে।<br>৪.৩। বিশেষ করে ছাত্র এবং তরুণদের মেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ছাত্র এবং তরুণদেরকে স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানাতে হবে ও তাদেরকে বাঙালি জাতীয়তাবাদে উদ্বুদ্ধ করতে হবে যাতে তাদের মধ্যে ইতিহাস বা ধর্ম নিয়ে কোন বিকৃত/মিথ্যা ধারণা থাকলে সেটি যেন অপসারিত হয়।<br>৪.৪। এনজিও প্রতিনিধিদের উপস্থিতি বৃদ্ধি এবং বিনিয়োগকারী ও শিল্পমালিকদেরকে মেলার সাথে সম্পৃক্ত করতে হবে। | ▪ জেলা/উপজেলা প্রশাসন (সকল)<br>▪ পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ৫ | আয়োজক/ অংশগ্রহণকারী | ৫.১। জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক আয়োজনে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও (দেশী/আন্তর্জাতিক), উন্নয়ন সংস্থা, শিল্পকারখানার মালিক, ব্যবসায়ী ও বেসরকারি প্রতিষ্ঠান ইত্যাদি মেলায় অংশগ্রহণ করবে।<br>৫.২।মুক্তিযোদ্ধা এবং সিনিয়র সিটিজেনদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৫.৩। জেলা/উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণের মেলায় অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>৫.৪। স্থানীয় সাংস্কৃতিক সংগঠন/ক্লাবগুলোর মেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল)<br>▪ এফবিসিসিআই ও সকল চেম্বার<br>▪ জেলা/উপজেলা প্রশাসন(সকল)<br>▪ এনজিওসমূহ<br>▪ ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহ |

| | | | |
|---|---|---|---|
| ৬ | মেলা আয়োজনের মূল বিষয়সমূহ | ৬.১। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র উল্লেখযোগ্য ১০টি বিশেষ উদ্যোগ প্রচারণা।<br>৬.২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক অর্জিত আন্তর্জাতিক স্বীকৃতি/সাফল্য/পুরস্কার সম্পর্কিত প্রচারণা।<br>৬.৩। রূপকল্প ২০২১ ও ২০৪১ এ উন্নত বাংলাদেশের প্রস্তাবনা সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ/২০৪১ অর্জন এবং বাস্তবায়নের সাথে জনগণ-কে সম্পৃক্তকরণ।<br>৬.৪। MDGs অর্জনে সরকারের সাফল্য এবং SDGs সম্পর্কে ধারণা দেয়াসহ লক্ষ্য বাস্তবায়নে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ।<br>৬.৫। সংশ্লিষ্ট জেলার ঐতিহ্য ও পর্যটন সম্ভাবনা তুলে ধরতে হবে।<br>৬.৬। প্রত্যেক জেলার একটি অনন্য পণ্য নিয়ে ঐ জেলার ব্র্যান্ডিং।<br>৬.৭। নারীর ক্ষমতায়নে সরকারের বিভিন্ন পদক্ষেপ।<br>৬.৮। তথ্য-প্রযুক্তি,বঙ্গবন্ধু স্যাটেলাইট, মেগা প্রকল্প, অর্থনৈতিক অঞ্চল, হাইটেক পার্ক ইত্যাদি খাতে বাংলাদেশের অর্জন।<br>৬.৯। বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট,রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র,পদ্মা সেতু,ঢাকা এক্সপ্রেস ওয়ে, কর্ণফুলি টানেল, সেবাখাত, অবকাঠামো উন্নয়ন, ইত্যাদি খাতে বাংলাদেশের অর্জন।<br>৬.১০। বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরা।<br>৬.১১। স্থানীয় উন্নয়ন চাহিদা সম্পর্কে অবহিত হওয়া (জেলা/উপজেলা উন্নয়ন ভাবনা) এবং গণশুনানী গ্রহণ পূর্বক স্থানীয় সমস্যার তাৎক্ষণিক সমাধান।<br>৬.১২। বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থা কর্তৃক জনগণকে মেলা প্রাঙ্গণে তাৎক্ষণিক সেবা প্রদানের সুযোগ রাখা। | ▪ মন্ত্রণালয়/ বিভাগ (সকল) |
| ৭ | কার্যক্রম/কর্মসূচি | ৭.১। মেলার জন্য কমন স্লোগান এবং ব্যানার নির্ধারণ করা। ব্যানারের কনটেন্ট এবং মেলার স্লোগানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ ও জেলা/উপজেলা প্রশাসনের কাছ থেকে প্রস্তাব চাওয়া যায়।<br>৭.২। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান; শোভাযাত্রা ও উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় মাননীয় মন্ত্রী/এমপি/জনপ্রতিনিধি উপস্থিত থাকতে পারেন। প্রতিটি সরকারি দপ্তর/সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/বিভিন্ন এনজিও/ব্যবসায়ী প্রতিষ্ঠান ইত্যাদি উপস্থিত থাকবে। এছাড়া, মুক্তিযোদ্ধা এবং সিনিয়র সিটিজেনদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক মুক্তিযোদ্ধা ও সিনিয়র সিটিজেনগণকে পত্র প্রেরণ করতে হবে।<br>৭.৩। প্রতিটি জেলায় শেখ হাসিনা সরকারের সাফল্য/উন্নয়ন কার্যক্রমের উপর পাঁচ (৫) মিনিটের ভিডিও চিত্র নির্মাণ ও প্রদর্শন করতে হবে।<br>৭.৪। তথ্য মন্ত্রণালয় কর্তৃক 'মাননীয় প্রধানমন্ত্রীর একদিন' শীর্ষক ভিডিও চিত্র নির্মাণ ও প্রদর্শন করতে হবে।<br>৭.৫। জাতীয়ভাবে মেলার থিম সং প্রস্তুত ও প্রচার করতে হবে। প্রত্যেক জেলা মেলায় আলাদা আলাদা Theme Song তৈরি করতে পারে।<br>৭.৬। প্রতিটি সরকারি দপ্তর কর্তৃক নিজ নিজ উন্নয়ন তথ্যচিত্র উপস্থাপন করতে হবে; মেলার স্টলসমূহের মাধ্যমে প্রত্যাশীদের সেবা প্রদান বাড়াতে হবে।<br>৭.৭। সহস্রাব্দের লক্ষ্যমাত্রা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে গৃহীত কার্যক্রম প্রচার করতে হবে।<br>৭.৮। বিভিন্ন সরকারি ও নাগরিক সেবায় উদ্ভাবন ও ডিজিটাইজেশন বিষয়ক উপস্থাপনা করতে হবে।<br>৭.৯। আলোচনা/মতবিনিময়/সভা/সেমিনার (পূর্ব নির্ধারিত বিষয়ে) করতে হবে।<br>৭.১০। প্রতিটি জেলার একটি অনন্য পণ্য/পর্যটন স্থানকে কেন্দ্র করে উক্ত জেলার ব্র্যান্ডিং কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৭.১১। সন্ধ্যায় জেলার বিশিষ্ট শিল্পীদের উপস্থিতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান;উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের চেতনা ও শেখ হাসিনা সরকারের সাফল্যকে উপজীব্য করে অনুষ্ঠানসূচি নির্ধারণ করতে হবে।<br>৭.১২। সকল জেলা/উপজেলার মেলা প্রাঙ্গণে শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উপর একই পোস্টার/ব্যানার/ফেস্টুন প্রদর্শন করতে হবে।<br>৭.১৩। শিক্ষার্থীদের অংশগ্রহণে 'রিয়েলিটি শো'; রচনা প্রতিযোগিতা, চিত্রাংকণ প্রতিযোগিতা ইত্যাদির ব্যবস্থা করতে হবে।<br>৭.১৪। স্থানীয় মন্ত্রী/এমপি/জনপ্রতিনিধি/সরকারি দপ্তর/ বীরমুক্তিযোদ্ধা /সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ সিনিয়র সিটিজেন/বিভিন্ন এনজিও/ব্যবসায়ীসহ অন্যান্যদের উপস্থিতিতে সমাপনী অনুষ্ঠান করতে হবে।<br>৭.১৫। উন্নয়ন মেলায় সুসজ্জিত স্টল করতে হবে। (সরকারি/বেসরকারি সংস্থা/ ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক উন্নয়ন কার্যক্রম প্রদর্শন)।<br>৭.১৬। দূতাবাসসমূহে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও বিনিয়োগকারীদের সম্পৃক্ত করে বিনিয়োগ ও বাণিজ্য সম্ভাবনা/মুক্তিযুদ্ধ নিয়ে সেমিনার করতে হবে। | ▪ মন্ত্রণালয়/ বিভাগ (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | ৭.১৮। মেলা উৎসব মুখর করতে সমন্বয় ও মনিটরিং করতে হবে।<br>৭.১৯। মাননীয় প্রধানমন্ত্রী প্রাপ্ত আন্তর্জাতিক পুরস্কারের বিষয়ে প্রচার করতে হবে।<br>৭.২০। জারি-সারি-কবিগান-ভাওয়াইয়া-ধামাইয়া-গম্ভীরা ইত্যাদি গান ও অন্যান্য সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে জঙ্গিবাদ, নারী নির্যাতন ও মাদক বিরোধী প্রচারনা চালাতে হবে।<br>৭.২১। মেলায় Wi-fi সেবার ব্যবস্থা করতে হবে।<br>৭.২২। জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে প্রচার চালাতে হবে।<br>৭.২৩। উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন ভিডিও ক্লিপ/টিভিসি প্রচার করতে হবে। ।<br>৭.২৪। বিভিন্ন প্রতিযোগিতা ও স্টলের জন্য পুরস্কারের ব্যবস্থা রাখাতে হবে।<br>৭.২৫। মেলা উপলক্ষে জাতীয় এবং স্থানীয় উন্নয়নের সচিত্র প্রতিবেদনসহ প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭.২৬। যুব উন্নয়ন অধিদপ্তর এবং আইসিটি অধিদপ্তর মোবাইল কম্পিউটার প্রশিক্ষণ ভ্যানের মাধ্যমে মেলা উপলক্ষে মেলা প্রাঙ্গণে প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারে।<br>৭.২৭। মেলায় স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক অঙ্গণের সেলিব্রেটিদের অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে হবে।<br>৭.২৮। মেলাকে আকর্ষণীয় করার জন্য পিঠা উৎসব, খাদ্য কর্ণার, ডিজিটাল সুবিধা ইত্যাদির আয়োজন রাখতে হবে।<br>৭.২৯। মেলা উপলক্ষে থিম সং ও পোস্টার অংকন প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে।<br>৭.৩০।‘জেলার উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে নিজ ভাবনা’ রচনা প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে।<br>৭.৩১। উদ্বোধনী অনুষ্ঠান স্কুল,কলেজ, মাদ্রাসা,হাট-বাজার, গ্রোথ সেন্টার, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে মাল্টিমিডিয়ার মাধ্যমে বিটিভি থেকে সরাসরি প্রচার করতে হবে। | |
| ৮ | প্রচার | ৮.১। তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস অনুবিভাগের সম্পৃক্ততায় জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রচার করতে হবে।<br>৮.২। মেলার পোস্টার, ব্যানার, ইত্যাদি কেন্দ্রীয়ভাবে মুদ্রণ ও বিতরণের ব্যবস্থা তথ্য মন্ত্রণালয় করবে।<br>৮.৩। স্থানীয় প্রচার মাধ্যম ব্যবহার করতে হবে।<br>৮.৪। তথ্য চিত্র/অডিও/ভিডিও/ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম/ক্যাবেল টিভি/মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রচার করতে হবে।<br>৮.৫। জাতীয়ভাবে মেলার জন্য একটি আকর্ষণীয় থিমসং তৈরি করতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থিমসংটি তৈরি করবে।<br>৮.৬। প্রচারের জন্য বর্ণিল সাইকেল র‍্যালি/শোভাযাত্রা/টমটম/হাতি ইত্যাদি ব্যবহার করা যেতে পারে।<br>৮.৭। জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায় পর্যন্ত প্রচার করতে হবে। | ▪ তথ্য মন্ত্রণালয়<br>▪ স্থানীয় প্রশাসন<br>▪ সংস্কৃতি মন্ত্রণালয় |
| ৯ | ব্যয় নির্বাহ | ৯.১। মেলার আয়োজনের ব্যয় নির্বাহের জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে পরিপত্র জারি করা যেতে পারে যাতে জেলা পরিষদ ও উপজেলা পরিষদ থেকে যথাক্রমে জেলা ও উপজেলা প্রশাসনের জন্য দেড় লক্ষ টাকা বরাদ্দ দেওয়া যায়।<br>৯.২। এছাড়া মেলা সংশ্লিষ্ট কাজে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব সংস্থার অনুকূলে বাজেট বরাদ্দ প্রদান করতে পারে।<br>৯.৩। সরকারি বরাদ্দ ব্যতীত স্থানীয় অংশগ্রহণকে উৎসাহিত করা যেতে পারে।<br>৯.৪। মেলার ব্যয় সংকুলনের জন্য অর্থ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে অনুরোধ জানাতে হবে। | ▪ মন্ত্রণালয়/ বিভাগ (সকল) |
| ১০ | সমন্বয় | ১০.১। মেলা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি থাকবে।<br>১০.২। তাছাড়া প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্টদের নিয়ে এক/একাধিক কমিটি গঠন করতে হবে।<br>(ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণের সভাপতিত্বে জাতিগঠনমূলক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি,ব্যবসায়ী ও জনপ্রতিনিধিগণকে নিয়ে কমিটি গঠন করতে হবে।<br>মাননীয় মন্ত্রী/এমপিগণ উপদেষ্টা থাকতে পারেন। সংশ্লিষ্ট অতি: জেলা প্রশাসক (সার্বিক) কমিটির সদস্য সচিব থাকবেন ও অন্যান্য সরকারি দপ্তর-এর কর্মকর্তাগণ সদস্য থাকবেন।<br>(খ) উপজেলা পর্যায়ে সমন্বয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে উপজেলা কমিটি থাকবে। স্থানীয় মাননীয় এমপি/উপজেলা চেয়ারম্যান কমিটির উপদেষ্টা থাকতে পারেন। অন্যান্য সরকারি দপ্তর-এর কর্মকর্তারা কমিটির সদস্য থাকবেন। উপজেলা প্রকৌশলী কমিটির সদস্য সচিব হবেন। | ▪ জেলা ও উপজেলা প্রশাসন।<br>▪ মন্ত্রণালয়/ বিভাগ (সকল) |
| ১১ | মেলায় সচিবগণের অংশগ্রহণ | ১১.১। জেলা উন্নয়ন মেলায় একজন সচিব উদ্বোধনী বা সমাপনী দিনে অংশগ্রহণ করতে পারেন। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সচিববৃন্দকে জেলা নির্ধারণ করে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হবে।<br>১১.২। সচিবগণ সংশ্লিষ্ট জেলার সকল মেলায় অন্তত: একজন কর্মকর্তাকে পরিদর্শণের জন্য প্রেরণ | ▪ সিনিয়র সচিব/ সচিব/ সদস্য পরিকল্পনা কমিশন/ভারপ্রাপ্ত |

| | | | |
|---|---|---|---|
| ১২ | শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কার প্রদান | ১২.১। জেলা, উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ মেলা এবং প্রত্যেক জেলা/উপজেলায় শ্রেষ্ঠ আয়োজনের জন্য পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। পূর্ববর্তী বছরের জন্য ঘোষিত পুরস্কার ইতিমধ্যে আনুষ্ঠানিকভাবে দেয়া না হয়ে থাকলে সেই পুরস্কার প্রদানের ব্যবস্থা নিতে হবে এবং ওয়েবসাইট, ফেসবুকে প্রচার করতে হবে। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| ১৩ | কর্মপরিকল্পনা প্রণয়ন | ১৩.১। মন্ত্রণালয়/বিভাগসমূহ আগামী ৪ সপ্তাহের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়ের করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে। | ▪ মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| ১৪ | বিদেশে বাংলাদেশের দূতাবাস/মিশনের জন্য কর্মসূচি | ১৪.১। বিদেশে বাংলাদেশের দূতাবাসসমূহে মুক্তিযুদ্ধ, বিনিয়োগ, পর্যটন, শেখ হাসিনা উদ্যোগ, এসডিজি অর্জনের কৌশল এবং এসডিজি কর্মপরিকল্পনা, ফুড ফেস্টিভাল, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা যেতে পারে।<br>১৪.২। পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশে বাংলাদেশের দূতাবাস/মিশনের জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। | ▪ পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৫ | নিরাপত্তা | ১৫.১। মেলায় আগতদের নিরাপত্তার জন্য পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক প্রবেশমুখে আর্চওয়ে বসাতে হবে এবং সম্ভব হলে মেলাস্থল সিসিটিভি'র আওতাভুক্ত রাখতে হবে। আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত সকল সংস্থা এবং গোয়েন্দা বিভাগ সমূহের মধ্যে ঘনিষ্ট সমন্বয় সাধন করতে হবে। | ▪ স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>▪ আর্মড ফোর্সেস ডিভিশন<br>▪ জেলা/উপজেলা প্রশাসন/পুলিশ বিভাগ |
| ১৬ | বিবিধ | ১৬.১। মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক (নির্বাহীসেল), পরিচালক (প্রশাসন) এবং পরিচালক (নির্বাহীসেল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা সমন্বয়ে গঠিত কমিটি সকল কার্যক্রম পরিচালনা করবেন।<br>১৬.২। উন্নয়ন মেলার যাবতীয় কার্যক্রম নাসরীন আফরোজ, মহাপরিচালক, নির্বাহীসেল, প্রধানমন্ত্রীর কার্যালয় মনিটরিং করবেন।<br>[ ফোন: ৯১৪০৩৩১, মোবাইল: ০১৭১১-৬১৪২৪৫, ইমেইল: dgpepz@pmo.gov.bd]<br>১৬.৩। জেলাপ্রশাসন ২০ আগস্ট এর মধ্যে মেলার খসড়া কর্মসূচি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবেন।<br>১৬.৪। মেলার প্রস্তুতির কার্যক্রম অব্যাহত থাকবে। | ▪ জেলা প্রশাসক (সকল) |

৪। পরিশেষে সভাপতি মহোদয় কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ-/
(মোঃ আবুল কালাম আজাদ)
মুখ্য সমন্বয়ক (এসডিজি)

নং-০৩.৪৫১.০২২.০০০০.২০১৬-৪০৩

তারিখঃ ৩১ জুলাই ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)............ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
(অধিদপ্তর/মাঠপর্যায়ের দপ্তরসমূহে বিতরণের অনুরোধসহ)
৪. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. সংস্থা প্রধান ..................................................(সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার (সকল)।
৭. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম,আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল)।

অনুলিপিঃ

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২।
২. প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১।
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি)/সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

office file sent / sent new / কপি-০১

৩১/০৭/২০১৮
(সমর কুমার ঘোষ)
পরিচালক (নির্বাহী সেল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(সাধারণ শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০২.২৮.০০৭.১৮-৮৬৮ তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০১৮

## সভার নোটিশ

৪র্থ জাতীয় উন্নয়ন মেলা উপলক্ষ্যে অগ্রগতি পর্যালোচনা সভা আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বেলা ১১.০০ টায় জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা মহোদয়ের সভাপতিত্বে এ অফিসের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় বর্ণিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মো: আশরাফুল আলম রাসেল)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পাপর্বত্য জেলা।
ফোন নম্বর: ০৩৭১-৬১২৮৫
Email: gnseckhag@gmail.com

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং পার্বত্য খাগড়াছড়ি ও চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরিন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বান বিষয়ক টাস্কফোর্স মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর একান্ত সচিব।
২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।
৭। চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১২। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৫। উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা/পানছড়ি/খাগড়াছড়ি সদর/মহালছড়ি/মাটিরাঙ্গা/গুইমারা/রামগড়/মানিকছড়ি ও লক্ষ্মীছড়ি খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৬। উপ-পরিচালক, জেলা সমাজেসবা অধিদপ্তর,খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৮। জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৯। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২০। বিভাগীয় বন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২১। জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২২। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২৩। জেলা তথ্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

২৫। অতিরিক্ত পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২৬। নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২৭। জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
২৮। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি. খাগড়াছড়ি শাখা
২৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩০। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩২। উপ-মহাব্যবস্থাপক, বিসিক, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৪। ব্যবস্থাপক, পূবালী ব্যাংক লি., খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৫। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লি., খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৬। ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক লি., খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৭। ব্যবস্থাপক, ইসলামী ব্যাংক লি., খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৮। সাবেক জেলা কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৩৯। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪০। গ্রন্থাগারিক, খাগড়াছড়ি সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪১। নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪২। উপপরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৫। জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৬। জেলা ব্র্যাক প্রতিনিধি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৭। সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
৪৮। জনাব এ কাশেম, কে আর্ট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪৯। ------------------------------------------------------------
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর গোপনীয় সহকারী।
২। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(সাধারণ শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০২.২৮.০০৭.১৮- ৭৮৭ তারিখ: ৮০ আগস্ট ২০১৮

## ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মো: শহিদুল ইসলাম,** জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
সভার স্থান : জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ১৬ আগস্ট ২০১৮, বেলা ১১.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত বছরের কার্যবিবরণী ও মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। প্রধানমন্ত্রী কার্যালয়ের নির্দেশনা মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণ তথা প্রান্তিক জনগোষ্ঠির মাঝে তুলে ধরতে, স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবর্গ ও সরকারি কর্মকর্তাদের যৌথ অংশগ্রহণে স্থানীয় সমস্যা সম্পর্কে মতবিনিময় ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন, শেখ হাসিনার ব্র্যান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি করা, সরকারের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, এমডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ করতে, মেলা প্রাঙ্গণ থেকে তাৎক্ষণিক সেবা প্রদানের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশিত 'জনগণের দোড়গোড়ায় সেবা' কার্যক্রম ত্বরান্বিতকরণসহ জেলার সামগ্রিক উন্নয়ন চিত্র জনসমক্ষে উৎসবমুখর ও আড়ম্বরপূর্ণভাবে উপস্থাপন করার মানসে আগামী ০৪, ০৫ ও ০৬ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপি বিকাল ৩.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত খাগড়াছড়ি পার্বত্য জেলায় "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা" আয়োজনের লক্ষ্যে মুক্ত আলোচনার আহ্বান জানানো হয়। সম্মানিত সকল সদস্য এ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) নিম্ন ছকে বর্ণিত ভেন্যু ও সময়সূচি মোতাবেক উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে।

| তারিখ | সময় | বিবরণ | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪/১০/২০১৮ | সকাল: ৯.০০ টা | উন্নয়ন শোভাযাত্রা | খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ হতে শাপলা চত্বর হয়ে টাউন হল প্রাঙ্গন পর্যন্ত | আয়োজক কমিটি |
| | সকাল: ১০.০০ টা | উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা | টাউন হল | |
| | সকাল: ১০.০০ টা হতে রাত: ৯.০০ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগের কর্মকান্ডসহ বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের অডিও-ভিডিও প্রদর্শন | খাগড়াছড়ি টাউন হল প্রাঙ্গন | |
| | সন্ধ্যা: ৫.৩০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান | | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ০৫/১০/২০১৮ | বিকাল: ৩.০০ টা হতে রাত: ৯.০০ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগের কর্মকান্ডসহ বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের অডিও-ভিডিও প্রদর্শন | | ১. সংশ্লিষ্ট সকল বিভাগ<br>২. জেলা তথ্য অফিস |
| | সন্ধ্যা: ৫.৩০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান | | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ০৬/১০/২০১৮ | বিকাল: ৩.০০ টা হতে রাত: ৯.০০ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগের কর্মকান্ডসহ বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের অডিও-ভিডিও প্রদর্শন | | ১. আয়োজক কমিটি<br>২. সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সন্ধ্যা: ৫.৩০ টা<br>সন্ধ্যা: ৬.৩০ টা | সমাপনী অনুষ্ঠান<br>সাংস্কৃতিক অনুষ্ঠান | | ১. আয়োজক কমিটি<br>২. সংশ্লিষ্ট উপ-কমিটি |

(খ) উন্নয়ন মেলায় স্থল নির্মাণ ও বরাদ্দ:

উন্নয়ন মেলায় মোট ৫৫ টি স্টল নির্মাণ করা হবে এবং প্রতিটি স্টলের পরিমাপ হবে: ১০'×১২'। সভায় নিম্নোক্ত বিভাগসমূহের নামের পার্শ্বে স্টল বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিভাগ | স্টল সংখ্যা |
|---|---|---|
| ১। | জেলা পরিষদ | ১ |
| ২। | জেলা প্রশাসন | ১ |
| ৩। | উপজেলা প্রশাসন | ১ |
| ৪। | আইসিটি | ১ |
| ৫। | পুলিশ বিভাগ | ১ |
| ৬। | স্বাস্থ্য বিভাগ | ১ |
| ৭। | সড়ক ও জনপথ বিভাগ | ১ |
| ৮। | সকল এনজিও | ৪ |
| ৯। | বন বিভাগ | ১ |
| ১০। | খাগড়াছড়ি পৌরসভা | ১ |
| ১১। | খাদ্য বিভাগ | ১ |
| ১২। | মাধ্যমিক শিক্ষা বিভাগ | ১ |
| ১৩। | মৎস্য বিভাগ | ১ |
| ১৪। | প্রাণিসম্পদ বিভাগ | ১ |
| ১৫। | কৃষি বিভাগ | ২ |
| ১৬। | যুব উন্নয়ন অধিদপ্তর | ১ |
| ১৭। | সমাজসেবা অধিদপ্তর | ১ |
| ১৮। | পাসপোর্ট | ১ |
| ১৯। | ফায়ার সার্ভিস | ১ |
| ২০। | বিআরটিএ | ১ |
| ২১। | জেলা কারাগার | ১ |
| ২২। | বিসিক | ১ |
| ২৩। | বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ১ |
| ২৪। | প্রাথমিক শিক্ষা বিভাগ | ১ |

| ক্রম | বিভাগ | স্টল সংখ্যা |
|---|---|---|
| ২৫। | বিটিসিএল | ১ |
| ২৬। | পরিবার পরিকল্পনা | ১ |
| ২৭। | জেলা হিসাব রক্ষণ অফিস | ১ |
| ২৮। | সকল ব্যাংক | ২ |
| ২৯। | ইসলামী ফাউন্ডেশন | ১ |
| ৩০। | বিসিক | ১ |
| ৩১। | শিশু একাডেমি | ১ |
| ৩২। | মহিলা বিষয়ক অধিদপ্তর | ১ |
| ৩৩। | প্রাথমিক শিক্ষা বিভাগ | ১ |
| ৩৪। | তথ্য অধিদপ্তর | ১ |
| ৩৫। | সমবায় বিভাগ | ১ |
| ৩৬। | পল্লী উন্নয়ন | ১ |
| ৩৭। | জনস্বাস্থ্য প্রকৌশল | ১ |
| ৩৮। | জনশক্তি ও কর্মসংস্থান | ১ |
| ৩৯। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ |
| ৪০। | ব্র্যাক | ১ |
| ৪১। | নির্বাচন কমিশন | ১ |
| ৪২। | স্থানীয় সরকার প্রকৌশল | ৪ |
| ৪৩। | পাবলিক লাইব্রেরি | ১ |
| ৪৪। | ত্রাণ ও দর্যোগ মন্ত্রণালয় | ১ |
| ৪৫। | পানি উন্নয়ন বোর্ড | ১ |
| ৪৬। | গণপূর্ত বিভাগ | ১ |
| ৪৭। | টেক্সটাইল ভোকেশনাল | ১ |
| | | ৫৫টি |

(গ) সম্ভাব্য বাজেট নির্ধারণ: উন্নয়ন মেলা আয়োজনের জন্য নিম্নোক্তমতে বাজেট প্রস্তুত করা হলোঃ

| ক্রম | বিস্তারিত বিবরণ | প্রস্তাবিত টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | স্টল নির্মাণ বাবদ | ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা |
| ২। | সাংস্কৃতিক অনুষ্ঠান বাবদ | ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা |
| ৩। | বিবিধ (উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ব্যানার, গেইট ব্যানার, শোভাযাত্রা ব্যানার, সাজসজ্জা, পুরস্কার ক্রয় ও আপ্যায়ন ইত্যাদি) | ৩,১০,০০০/- (তিন লক্ষ দশ হাজার) টাকা |
| | সম্ভাব্য সর্বমোট বাজেট | ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |

(ঘ) উন্নয়ন মেলা আয়োজনের লক্ষে নিম্নোক্ত বিভাগ/সংস্থাসমূহ আর্থিক সহায়তা প্রদান করবেনঃ

১। পার্বত্য জেলা পরিষদ : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা
২। প্রকৌশল বিভাগ (সকল) : ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
৩। ব্যাংকসমূহ (সকল) : ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা
৪। এনজিও (সকল) : ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা
৫। সরকারি বরাদ্দ : ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা

(ঙ) উন্নয়ন মেলা সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষে নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

**উন্নয়ন মেলা আয়োজক কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানসারে নয়):**

১। জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, ২৯৮ পার্বত্য খাগড়াছড়ি আসন ও চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরিন উদ্বাস্তু নির্দিস্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স : প্রধান উপদেষ্টা
২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি : উপদেষ্টা
৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সভাপতি
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি : সদস্য
৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য

৬। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৭। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা : সদস্য
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর : সদস্য
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/জনস্বাস্থ্য/সড়ক ও জনপথ/স্থানীয় সরকার প্রকৌশল : সদস্য
১০। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ/সমাজসেবা/পরিবার পরিকল্পনা/পরিসংখ্যান/ক্ষুসাই/ইসলামী ফাউন্ডেশন : সদস্য
১১। বিভাগীয় বন কর্মকর্তা, খাগড়াছড়ি বন বিভাগ : সদস্য
১২। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর : সদস্য
১৩। জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা সদস্য
১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
১৫। জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
১৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
১৭। জেলা তথ্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
১৮। জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
১৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২০। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২১। আঞ্চলিক মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২৩। জেলা কালচারাল অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২৪। উপসহকারী মহাব্যবস্থাপক, বিসিক, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২৫। ব্যবস্থাপক, সকল ব্যাংক, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২৬। প্রাক্তন জেলা কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
২৭। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার : সদস্য
২৮। লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার : সদস্য
২৯। নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াপুর, খাগড়াছড়ি পার্বত্য জেলা সদস্য
৩০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য সচিব

(চ) উন্নয়ন মেলা সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষে নিম্নোক্ত উপকমিটিসমূহ গঠন করা হলোঃ

**ক) অর্থ উপকমিটি**

১। মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা : আহবায়ক
২। আঞ্চলিক মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৩। নির্বাহী প্রকৌশলী/সড়ক ও জনপথ বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল সদস্য
৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৭। জেলা ব্র্যাক প্রতিনিধি, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৮। নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াপুর, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৯। সহকারী কমিশনার, সাধারণ শাখা : সদস্য সচিব

**খ) স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটি**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা : আহবায়ক
২। অতিরিক্ত পুলিশ, সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৩। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর : সদস্য
৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৫। জেলা তথ্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৭। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৮। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয় : সদস্য-সচিব

**গ) উন্নয়ন মেলা শোভাযাত্রা উপকমিটি**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খাগড়াছড়ি পার্বত্য জেলা : আহবায়ক
২। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা : সদস্য
৩। অতিরিক্ত পুলিশ, সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা : সদস্য
৪। সহকারী কমিশনার, সাধারণ শাখা : সদস্য
৫। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর : সদস্য-সচিব

**ঘ) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক উপকমিটি**

১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা : আহবায়ক

| | | | |
|---|---|---|---|
| ৩। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা | : | সদস্য |
| ৪। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা | : | সদস্য |
| ৫। | জনাব মো. আবুল কাশেম, কে আর্ট, খাগড়াছড়ি পার্বত্য জেলা | : | সদস্য |
| ৬। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয় | : | সদস্য |
| ৭। | সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি পার্বত্য জেলা | | সদস্য-সচিব |

বিবিধ সিদ্ধান্তঃ

১. সংশ্লিষ্ট বিভাগ/সংস্থাসমূহ উল্লিখিত পরিমাণ অর্থ মেলা শুরুর পূর্বেই সংশ্লিষ্ট উপকমিটির আহ্বায়কের নিকট জমা প্রদান করবেন।

২. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, ২৯৮ পার্বত্য খাগড়াছড়ি ও চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরিন উদ্বাস্তু নির্দিস্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স মহোদয়কে ৪র্থ জাতীয় উন্নয়ন মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হবে।

৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়কে উন্নয়ন মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হবে।

৪. গঠিত উপকমিটিসমূহ আগামী ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে সভা আহ্বান করে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করে জেলা প্রশাসককে অবহিত করবেন।

৫. মেলায় জেলা প্রশাসনের স্টলে অডিও-ভিডিও প্রদর্শনীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি)'কে অনুরোধ করা হলো।

৬. মেলায় ফ্রি Wi-fi জোন তৈরিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য সহকারী প্রকৌশলী, বিটিসিএলকে অনুরোধ করা হলো।

৭. উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয় হতে প্রাপ্ত পত্রের নির্দেশনার আলোকে উন্নয়ন মেলা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অতপর, আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে আসন্ন ৪র্থ জাতীয় উন্নয়ন মেলার সাফল্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৮/১৮

(মো: শহিদুল ইসলাম)
জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : (০৩৭১) ৬১৮১১, ফ্যাক্স : (০৩৭১) ৬১৩২৮
e-mail : dckhagrachhari@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০২.২৮.০০৭.১৮- ৭৯৭ তারিখ: ৩০ আগস্ট ২০১৮

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, ২৯৮ পার্বত্য খাগড়াছড়ি ও চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরিন উদ্বাস্তু নির্দিস্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর একান্ত সচিব।
২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ------------------------------------------------, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। উপজেলা নির্বাহী অফিসার, -----------------------------------------------------, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩। ----------------------------------------------------------------------------------------(উপকমিটি) খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৩০.৮.১৮
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
খাগড়াছড়ি পার্বত্য জেলা